

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ,
গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-১১৫/২০২৩-২০২৪

ময়মনসিংহ, ১১ মার্চ, সোমবার ২০২৪, ২৭ ফাল্গুন ১৪৩০

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। গরমিল পেলেই হাসপাতাল বন্ধের হুঁশিয়ারি স্বাস্থ্যমন্ত্রীর
- ০২। সাংবাদিককে কারাদন্ডের ঘটনার সুষ্ঠু তদন্তের উপর জোর দিয়েছেন তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী
- ০৩। অত্যাবশ্যকীয় পণ্যের দাম বেধে দেয়ার বার্তা বাণিজ্য প্রতিমন্ত্রীর
- ০৪। রমজানে স্কুল খোলা রাখার সিদ্ধান্ত হাইকোর্টে স্থগিত

০১। গরমিল পেলেই হাসপাতাল বন্ধের হুঁশিয়ারি স্বাস্থ্যমন্ত্রীর

স্বাস্থ্যমন্ত্রী ডা. সামন্ত লাল সেন বলেছেন, সারা বছর সরকারি-বেসরকারি ক্লিনিক ও হাসপাতালগুলোতে পরিদর্শন অব্যাহত থাকবে। কোনোরকম গরমিল পাওয়া গেলে বন্ধ করে দেয়া হবে। তবে সব হাসপাতাল বন্ধ করে দেয়ার পক্ষে না। রবিবার (১০ মার্চ) দুপুরে নওগাঁর পল্লীতলা উপজেলায় ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও কৃষিজীবীদের মাঝে স্বাস্থ্যসেবা প্রদান, স্বাস্থ্য সচেতনতা ও মেডিকেল ক্যাম্প অনুষ্ঠানে যোগ দিয়ে সাংবাদিকদের এসব কথা বলেন মন্ত্রী। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ।

০২। সাংবাদিককে কারাদন্ডের ঘটনার সুষ্ঠু তদন্তের উপর জোর দিয়েছেন তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী

ভ্রাম্যমান আদালতের মাধ্যমে দৈনিক দেশ রূপান্তরের শেরপুর জেলার নকলা উপজেলা সংবাদদাতা শফিউর রহমান রানাকে কারাদন্ড প্রদানের ঘটনার সুষ্ঠু তদন্তের উপর জোর দিয়েছেন তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত। পাশাপাশি তিনি বিষয়টি নিয়মিত পর্যবেক্ষণ করছেন। তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী এ বিষয়ে প্রধান তথ্য কমিশনার মো. আব্দুল মালেকের সঙ্গে কথা বলেন এবং বিষয়টির খৌজখবর নেন। এসময় ঘটনাটির সুষ্ঠু তদন্তের উপর জোর দেন প্রতিমন্ত্রী। সূত্র: দৈনিক স্বজন ও দৈনিক আজকের ময়মনসিংহ।

০৩। অত্যাবশ্যিকীয় পণ্যের দাম বেধে দেয়ার বার্তা বাণিজ্য প্রতিমন্ত্রীর

আগামীতে মন্ত্রিসভার অনুমোদন নিয়ে অত্যাবশ্যিকীয় পণ্যের একটি পূর্ণাঙ্গ তালিকা করে দাম বেধে দেয়া হবে বলে জানিয়েছেন বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু। রবিবার (১০ মার্চ) সচিবালয়ে কৃষিপণ্য সরবরাহে ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি) এবং রাশিয়ার কৃষি মন্ত্রণালয়ের প্রোডিনটর্গ- এর সঙ্গে সমঝোতা স্মারক সই অনুষ্ঠানে প্রতিমন্ত্রী এ কথা জানান। এ সময় বাজারে রমজান উপলক্ষ্যে এ মুহূর্তে নিত্যপ্রয়োজনীয় পণ্যের কোনো ঘাটতি নেই বলেও জানান প্রতিমন্ত্রী। সূত্র: দৈনিক স্বজন ও দৈনিক নিউ টাইমস।

০৪। রমজানে স্কুল খোলা রাখার সিদ্ধান্ত হাইকোর্টে স্থগিত

পবিত্র রমজান মাসে প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় খোলা রাখার সিদ্ধান্ত নিয়ে জারি করা পৃথক প্রজ্ঞাপন দুই মাসের জন্য স্থগিত করেছে হাইকোর্ট। এ সংক্রান্ত এক রিটের প্রাথমিক শুনানি শেষে বিচারপতি কে এম কামরুল কাদের ও বিচারপতি খিজির হায়াতের হাইকোর্ট বেঞ্চ রুলসহ এই আদেশ দেন। আদালতের রিটের পক্ষে শুনানি করেন জ্যেষ্ঠ আইনজীবী এ কে এম ফয়েজ ও আইনজীবী মাহমুদা খানম। পরে জ্যেষ্ঠ আইনজীবী এ কে এম ফয়েজ জানান, রমজানে প্রাথমিক স্কুল ১০ দিন এবং হাই স্কুল ১৫ দিন খোলা রাখার সরকারের সিদ্ধান্ত দুই মাসের জন্য স্থগিত করেছেন হাইকোর্ট। একই সঙ্গে হাইকোর্ট রুলও জারি করেছে। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক নিউ টাইমস ও দৈনিক আজকের ময়মনসিংহ।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক নিউ টাইমস ও দৈনিক আজকের ময়মনসিংহ:** ঢাকার অবৈধ রেস্টুরেন্টের বিরুদ্ধে সাঁড়াশি অভিযান শুরু করেছে সেবা সংস্থাগুলো। অভিযান সারা বছর চালানো উচিত। সবার আগে জননিরাপত্তা নিশ্চিত করা জরুরী।
- (খ) **দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস:** মানবপাচার আমাদের দেশের বড় সমস্যাগুলোর একটি। অথচ এ ব্যাপারে যতটা নজর দেয়া প্রত্যাশিত ছিলো, ততটা দৃশ্যমান হয়নি। ফলশ্রুতিতে মানব পাচার বেড়েই চলেছে। বর্তমান সময়ে বঙ্গোপসাগর মানব পাচারের সবচেয়ে বড় রুটে পরিণত হয়েছে। অনেক সময় মানব পাচারের শিকার ব্যক্তি অপহরণের শিকার হয়। মানব পাচার রোধে দরকার সচেতনতা।
- (গ) **আজকের বাংলাদেশ:** আম চাষিরা বলছেন, আগের মতো গাছ লাগিয়ে রাখলেই আর আম হচ্ছে না। ব্যাপক পরিচর্যা করতে হয়। পরিচর্যার ব্যয়ও বেড়েছে। সাম্প্রতিক বছরগুলোতে বাংলাদেশের আম বিশ্বের বিভিন্ন দেশে রপ্তানি করা হচ্ছে। আমের সংকট সৃষ্টি হলে আম রপ্তানি বন্ধ হয়ে যাবে। প্রগোদনা দিয়ে এবং কীটনাশকের দাম নিয়ন্ত্রণ করে আমচাষীদের উৎসাহিত করতে হবে।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। সুন্দরবনের জীববৈচিত্র্য রক্ষা করা একান্ত প্রয়োজন- প্রকাশ ঘোষ বিধান (দৈনিক স্বজন)
- ০২। 'ফায়ার হাইড্রেন্ট' স্থাপনে প্রকৃত স্মার্ট হবে বাংলাদেশ- মোমিন মেহেদী (দৈনিক নিউ টাইমস ও দৈনিক আজকের ময়মনসিংহ)
- ০৩। মুজিবের মার্চ-মার্চের মুজিব- আব্দুল মান্নান (দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস)

#

রিদওয়ান/রেজভী/সজিব/২০২৪/১০.৩০ ঘণ্টা।